

2021/TDC/CBCS/ODD/  
BNGHCC-101T/358

TDC (CBCS) Odd Semester Exam., 2021  
held in March, 2022

BENGALI

( 1st Semester )

Course No. : BNGHCC-101T

( বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

১। 'চর্যাপদ'-এর টীকা কী নামে পরিচিত? এটি কে লিখেছেন?

২। 'চর্যাপদ'-এর পদকর্তারা কোন্ ধর্মাবলম্বী ছিলেন? যে কোনো একজন পদকর্তার নাম লেখো।

- ৩। মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন কোনটি? এর রচয়িতা কে?
- ৪। 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি কে, কোথা থেকে প্রকাশ করেছিলেন?
- ৫। প্রাক-চৈতন্যযুগের দুজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
- ৬। গোবিন্দদাসকে কোন্ কবির ভাবশিষ্য বলা হয়? তিনি কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ কবি হিসেবে পরিচিত?
- ৭। প্রাক-চৈতন্যযুগের দুজন 'মনসামঙ্গল' কাব্যকারের নাম লেখো।
- ৮। 'ধর্মমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তিনি কোন্ রাজার আদেশে কাব্যটি রচনা করেন?
- ৯। 'চণ্ডীমঙ্গল' কাব্যের কাহিনি দুটি কী কী?
- ১০। কৃত্তিবাস তাঁর অনূদিত 'রামায়ণ' কার আদেশে রচনা করেছিলেন? এই গ্রন্থটি মোট কয়টি কাণ্ডে বিভক্ত?
- ১১। কৃত্তিবাস ওঝার মা-বাবার নাম কী?
- ১২। কাশীরাম দাস ছাড়া অন্য যে কোনো দুজন 'মহাভারত' অনুবাদকের নাম লেখো।
- ১৩। রামপ্রসাদ সেনের উপাধি কী ছিল? তিনি কোথায় জন্মগ্রহণ করেন?

- ১৪। শাক্তপদগুলি কোন্ শতকের রচনা? এর অবলম্বিত রস কোনটি?
- ১৫। দৌলত কাজী কোথায় জন্মগ্রহণ করেন? তিনি কোন্ রাজার রাজসভায় সভাকবির পদ অলঙ্কৃত করেছিলেন?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

- ১৬। ‘চর্যাপদ’-এ নিম্নবর্ণীয় সমাজের যে পরিচয় পাওয়া যায় তার বিবরণ দাও।
- ১৭। বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন হিসেবে ‘চর্যাপদ’-এর ঐতিহাসিক মূল্য আলোচনা করো।
- ১৮। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের রাধা চরিত্রটি বিশ্লেষণ করো।
- ১৯। বৈষ্ণব পদ রচয়িতা জ্ঞানদাসের কবি-কৃতিত্বের পরিচয় দাও।
- ২০। মুকুন্দ চক্রবর্তীর কবি-পরিচিতি উল্লেখ করে তাঁর কাব্যের রচনা-বৈশিষ্ট্য আলোচনা করো।
- ২১। ভারতচন্দ্রের আবির্ভাবের পটভূমি বিশ্লেষণ করে বাংলা মঙ্গলকাব্যের ধারায় ভারতচন্দ্রের ‘অন্নদামঙ্গল’ কাব্যের গুরুত্ব বিচার করো।

- ২২। কৃত্তিবাসের আত্মজীবনী আলোচনা করে তাঁর কবিকৃতির পরিচয় দাও।
- ২৩। বাংলা অনুবাদ সাহিত্যের ধারায় কাশীরাম দাসের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো।
- ২৪। শাক্তপদ রচনায় সাধক কবি রামপ্রসাদের কবিকৃতি উল্লেখ করো।
- ২৫। মধ্যযুগের বাংলা সাহিত্যে কবি আলাওলের স্বাতন্ত্র্য পর্যালোচনা করো।

\*\*\*